

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ২১, ২০১৫

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৭ অগ্রহায়ণ, ১৪২২/২১ নভেম্বর, ২০১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ৭ অগ্রহায়ণ, ১৪২২ মোতাবেক ২১ নভেম্বর, ২০১৫ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :-

২০১৫ সনের ২০ নং আইন

দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন খাতে উন্নয়নমূলক সারচার্জ ও লেভী আরোপ, আদায় এবং আনুষঙ্গিক বিষয়ে বিধান করিবার লক্ষ্যে প্রণীত আইন

যেহেতু দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন খাতে উন্নয়নমূলক সারচার্জ ও লেভী আরোপ, আদায় এবং আনুষঙ্গিক বিষয়ে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন উন্নয়ন সারচার্জ ও লেভী (আরোপ ও আদায়) আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে —

(১) “তফসিল” অর্থ এই আইনের কোন তফসিল;

( ৯০৭৫ )

মূল্য : টাকা ৪.০০

- (২) “লেভী” অর্থ কোন পণ্য বা সেবার উপর আমদানি, উৎপাদন বা সরবরাহ পর্যায়ে আরোপিত শুল্ক, কর, ফি বা চার্জ; এবং
- (৩) “সারচার্জ” অর্থ কোন পণ্য বা সেবার উপর আমদানি, উৎপাদন বা সরবরাহ পর্যায়ে আরোপিত এইরূপ কোন ফি বা চার্জ, যাহা উক্ত পণ্য বা সেবার উপর বিদ্যমান কর, ফি বা চার্জ এর অতিরিক্ত হিসাবে আরোপিত।

৩। উন্নয়ন সারচার্জ এবং লেভী আরোপ।—আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, সরকার —

- (ক) প্রথম তফসিলের কলাম (২) এ বর্ণিত বিষয়ের উপর কলাম (৩) এ উল্লিখিত হারে উন্নয়ন সারচার্জ; এবং
- (খ) দ্বিতীয় তফসিলের কলাম (২) এ বর্ণিত বিষয়ের উপর কলাম (৩) এ উল্লিখিত হারে লেভী, আরোপ করিতে পারিবে।

৪। উন্নয়ন সারচার্জ ও লেভী আদায়।—সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তৎকর্তৃক আরোপিত শর্তে ও নির্ধারিত মেয়াদে, ধারা ৩ এর অধীন আরোপিত উন্নয়ন সারচার্জ ও লেভী আদায় করিতে পারিবে।

৫। তফসিল সংশোধনের ক্ষমতা।—সরকার, সময় সময়, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তফসিল সংশোধন করিতে পারিবে।

৬। বিধি প্রণয়নের ক্ষমতা।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

## প্রথম তফসিল

[ ধারা ৩ (ক) দ্রষ্টব্য ]

## উন্নয়ন সারচার্জ

ক্রমিক নং	বিষয়	সারচার্জের হার
(১)	(২)	(৩)
১।	মোবাইল অপারেটর কর্তৃক সিম বা রিম কার্ড বা মেমোরী কার্ড ব্যবহারের মাধ্যমে প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থ বা আয়	১ (এক) শতাংশ

## দ্বিতীয় তফসিল

[ ধারা ৩ (খ) দ্রষ্টব্য ]

## লেভী

ক্রমিক নং	বিষয়	লেভীর হার
(১)	(২)	(৩)

মোঃ আশরাফুল মকবুল  
সিনিয়র সচিব।